দর্শনা কেরুজ চিনিকলের মতবিনিময় সভা অনুষ্ঠানে এমডি রাব্বিক হাসান

দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ রোপন মাড়াই মৌসুম উন্নত জাতের আখ পরিষ্কার-পরিচ্ছন্ন আখ সরবরাহের লক্ষ্যে সি ডি এ, সি আই সিদের সাথে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

আজ শনিবার সকাল ১১ টার দিকে ট্রেনিং কমপ্লেক্স, ভবনে এ সভা অনুষ্টিত হয়। এ সভায়( মহাব্যবস্থাপক কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়ার সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা কেরুজ চিনিকলের নবাগত ব্যবস্থাপনা পরিচালক এফসিএমএ এ রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন,সরকারের এ ভারী শিল্প প্রতিষ্ঠান আপনাদেরই সম্পদ। এ সম্পদ রক্ষা ও টিকিয়ে রাখার দায়িত্ব আপনাদেরকেই নিতে হবে। সেক্ষেত্রে বেশী বেশী আখচাষের বিকল্প নেই। মনে রাখতে হবে এলাকার অন্যতম অর্থনৈতিক চালিকা শক্তি ঐতিহ্যবাহি কেরুজ চিনিকলের মূল কাচামাল হচ্ছে আখ। সরকার যেমন আখের মূল্য বৃদ্ধি করেছে, তেমনি কৃষকদের সবধরণের সুযোগ-সুবিধা ও সেবা নিশ্চিত করেছে। আখের অধিক ফলনে কার্যকরি পদক্ষেপ গ্রহন করেছি আমরা। একর প্রতি আখের ফলন বৃদ্ধিতে করণীয় বিষয়য়ে আমরা সবসময় কৃষকদের পরামর্শ দিয়ে আসছি। ফলে আখচাষে অধিক মুনাফা অর্জনে কৃষকদের হতে হবে আন্তরিক। উন্নত জাতের আখচাষ সহ সঠিক পরিচর্যা করতে হবে।
কেরুজ চিনিকলটি টিকিয়ে রাখতে হলে সবার জায়গা থেকে পরিশ্রম করতে হবে।এবং আখ চাষীদের সাথে সব সময় যোগাযোগ রাখতে হবে।

বিশেষ অতিথি হিসাবে ,মহাব্যাবস্থাপক কৃষি দেলোয়ার হোসেন, কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, ও সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ,এ অনুষ্ঠানটি কৃষি বিভাগের আয়োজনে অনুষ্টিত হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন,ডিজিএম সম্পসারন মাহবুবুর রহমান।